

সিনিয়র রিপোর্টার | রাজনীতি | 01 May, 2025

আন্তর্জাতিক শ্রমিক দিবস উপলক্ষে রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে অনুষ্ঠিত হয়েছে এক বিশাল শ্রমিক সমাবেশ। বৃহস্পতিবার (১ মে) দুপুর ২টায় শুরু হওয়া এই সমাবেশে জনতার ঢল নামে। সমাবেশটি আয়োজন করে জাতীয়তাবাদী শ্রমিক দল।

সমাবেশে প্রধান অতিথি হিসেবে লন্ডন থেকে ভারুয়ালি যুক্ত হয়ে বক্তব্য দেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। এছাড়া দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস, নজরুল ইসলাম খানসহ দলের শীর্ষ নেতারা বক্তব্য রাখেন।

সমাবেশে আরও উপস্থিত ছিলেন বিএনপির ভাইস চেয়ারম্যান আহমেদ আজম খান, আব্দুস সালাম পিন্টু, চেয়ারপারসনের উপদেষ্টা আব্দুস সালাম, মজিবুর রহমান সারোয়ার, সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী লুৎফুজ্জামান বাবর, যুগ্ম মহাসচিব শহিদ উদ্দিন চৌধুরী এ্যানি, শ্রমিক দলের সভাপতি আনোয়ার হোসেন, জাতীয়তাবাদী সামাজিক সাংস্কৃতিক সংস্থার (জাসাস) আহ্বায়ক হেলাল খান, প্রচার সম্পাদক সুলতান সালাউদ্দিন টুকু ও শিমুল বিশ্বাস।

সমাবেশের শুরুতে কুরআন তেলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়। এরপরই রাজধানী ও আশপাশের জেলা থেকে আগত নেতাকর্মীরা ছোট ছোট মিছিল নিয়ে সমাবেশস্থলে এসে উপস্থিত হন। রঙিন ক্যাপ, টি-শার্ট, ব্যানার ও ঢোল নিয়ে নেতাকর্মীদের আগমন পুরো পরিবেশকে উৎসবমুখর করে তোলে।

জাসাসের শিল্পীরা এই সমাবেশে সংগীত পরিবেশন করেন। কণ্ঠে কণ্ঠ মিলিয়ে গান গেয়ে পরিবেশ মাতান জনপ্রিয় শিল্পী কনকচাঁপা, মৌসুমীসহ আরও কয়েকজন শিল্পী। সংগীতের মধ্য দিয়ে শ্রমজীবী মানুষের অধিকার ও সংগ্রামের কথা তুলে ধরা হয়।

দলীয় সূত্র জানায়, সমাবেশ ঘিরে শুধু ঢাকা মহানগরী নয়, আশপাশের জেলা থেকেও বিপুলসংখ্যক নেতাকর্মী অংশ নেন। পুরো সমাবেশ এলাকা পরিণত হয় জনসমুদ্রে। এতে অংশগ্রহণকারীদের মধ্যে ছিল উচ্ছ্বাস, সংহতি ও দলীয় ঐক্যের বহিঃপ্রকাশ।

বক্তারা তাদের বক্তব্যে শ্রমিকদের ন্যায় অধিকার আদায়ে সরকারকে চাপ প্রয়োগ, নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম কমানো, শ্রমিক ছাঁটাই বন্ধ, ন্যূনতম মজুরি নিশ্চিত করার মতো বিভিন্ন দাবি তুলে ধরেন।

বিএনপি তারেক রহমান ভাইস চেয়ারম্যান মহাসচিব

Generated on 18 June, 2025 20:26

URL: <https://timestodaybd.com/politics/1734775807>